

শিক্ষকদের বেতন বৈষম্য প্রশ্নে ফের মন্ত্রিসভা কমিটির বৈঠক হবে

অর্থমন্ত্রীর সঙ্গে কথা বলবো : শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বেতন সংক্রান্ত সমস্যা সমাধানে শিগগিরই আবারও বেতন বৈষম্য নিরসন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক হবে। আমি আশা করছি শিগগিরই এ সমস্যার সমাধান হবে। গতকাল রবিবার শিক্ষামন্ত্রী এ বিষয়ে 'ইত্তেফাক' এ প্রতিনিধির সাথে কথা বলেন।

পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের দাবি আদায়ে কঠোর আন্দোলনের বিষয়টি আমলে নিয়ে শিক্ষামন্ত্রী গতকাল অর্থ মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব মাহবুব আহমেদের সঙ্গে টেলিফোনে কথা বলেন। এ বিষয়ে একটি সমাধান বের করার বিষয়ে উভয়ের মধ্যে কথা হয়েছে। মন্ত্রী বলেন, সমস্যা সমাধানে আমাদের কমিটির আবার মিটিং ডাকতে হবে। শিক্ষকদের সমস্যা সমাধানে অর্থসচিব ইতিবাচক মনোভাব দেখিয়েছেন। এ বিষয়ে আমি নিজেও অর্থমন্ত্রীর সাথে কথা বলবো। বেতন বৈষম্য নিরসন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশের কথা বলে অর্থ মন্ত্রণালয় সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়কে চিঠি দিয়ে বিশ্ববিদ্যালয় ও কলেজ শিক্ষকদের সমস্যা সমাধানে কিছু সিদ্ধান্তের কথা জানিয়েছে। কিন্তু শিক্ষামন্ত্রী বলেছেন, এই সিদ্ধান্ত মন্ত্রিসভা কমিটিতে নেয়া হয়নি।

'বেতন বৈষম্যের' প্রতিবাদে কয়েকদিন ধরে চলমান আন্দোলনের মধ্যেই অর্থমন্ত্রী গত বুধবার সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেন, যে যা-ই বলুক, বেতন কাঠামো পরিবর্তনের কোনো সুযোগ নেই। আর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বেতন কাঠামো নিয়ে এখনও আলোচনার সুযোগ আছে বলে মনে করেন শিক্ষামন্ত্রী।